#### STUDY MATERIAL: PART-V

CBCS (Hons, Generic & Programm)

B.A. Philosophy Honours 2<sup>nd</sup> Semester

BAHPHILC202 History of Western Philosophical Thoughts II

ጲ

B.A. Philosophy GENERIC 2<sup>nd</sup> Semester
BAHPHILGE201 History of Western PhilosophY

8

B.A. Philosophy PROGRAMM 2<sup>nd</sup> Semester BAPPHILC201 History of Western PhilosophY

Short Question - George Berkeley (1685-1753)

১)বার্কলের মতে বিমুর্ত সামান্য ধারণা গঠন করা কি সম্ভব ?

উত্তর: বিমুর্ত ধারণা এক ধরনের সতা যার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে শব্দার্থতত্ত্ব। শব্দার্থ তত্ত্বের লক্ষ্য হলো কিভাবে একটি শব্দ সাধারণ পদ একই শ্রেণীভুক্ত সমস্ত ব্যক্তি বা বস্তু, যেমন- মানুষ পদ একই শ্রেণীভূক্ত রাম, শ্যাম, যত্ন প্রভৃতি মানুষকে নির্দেশ করে। বিমুর্ত ধারণাবাদের তীব্র বিরোধিতা করে বার্কল বলেন- সব ধারণার মনশ্চিত(image) বা মনের প্রতিবিম্ব। তাঁর মতে সাধারণ পদ সাক্ষাৎভাবে কোন প্রকার ধারণার মাধ্যম ছাড়াই বিশেষ বিশেষ ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে। তাই সাধারণপদ ঐ পদ নির্দেশিত ব্যক্তি বা বস্তুর মধ্যে সংযোগকারী কোন কিছু নয়।

#### ২) কোন কোন যুক্তির সাহায্যে বার্কলে তাঁর জড়দ্রব্য বিরোধী মতবাদ প্রতিষ্ঠা করেছেন?

উত্তর: বার্কলের পূর্ববর্তী দার্শনিক জন লক বর্ণ, গন্ধ, ও আকার ইত্যাদি প্রত্যক্ষজ ধর্মের আধাররূপে জড়বস্তুর অস্তিত্ব স্বীকার করেছেন। বার্কলে কিন্তু লকীয় জড়বস্তুর অস্তিত্ব স্বীকার করেন নি। তাঁর মতে ১) লকীয় জড়বস্তুর প্রত্যক্ষজ ও অপ্রত্যক্ষজ ধর্ম না থাকায় ঐ প্রকার জড়বস্তুর কোন সদর্থক ধারণা আমাদের নেই; ২) যেহেতু জড়-আধারটির ইন্দ্রিয় প্রত্যক্ষ হয় না, তাই বার্কলে সিদ্ধান্ত করেন, লকীয় জড়বস্তুর আপেক্ষিক ধারণা আমাদের নেই।

# ৩) বার্কলের মতে 'অস্তিত্ব প্রত্যেক্ষ নির্ভর' বা 'বস্তু মাত্রই প্রত্যক্ষ নির্ভর' এই মতবাদটির কি আলোচনা করো?

উত্তর: বার্কলের মতে, যাদের আমরা সাধারণত; জড়বস্তু বলি (যেমন- টেবিল, চেয়ার,বিছানা ইত্যাদি) তাদের অস্তিত্বের অর্থ হল কেউ না কেউ তাদের প্রত্যক্ষ করছে। তাঁর মতে চৈতন্যবিশিষ্ট মনের সঙ্গে সম্পর্ক বিহিন হয়ে কোন জড়বস্তুরই অস্তিত্ব থাকতে পারে না। এই মত যদি সত্যি হয় তাহলে এথেকে ঘটি সিদ্ধান্ত অনিবার্যভাবে নিঃসৃত হয় ক) ইন্দ্রিয় গ্রাহ্য বিষয়গুলির কোন স্থায়ী সত্তা নেই; খ) 'সামান্য' বা 'জাতি'র কোন অস্তিত্ব নেই, কেননা এদের কোনরূপ মানসত্তার প্রতিকৃতি হয় না।

#### ৪) বার্কলের দর্শনে ঈশ্বরের স্থান কি অপরিহার্য?

উত্তর: যদি বার্কলে একজন অভিজ্ঞতাবাদী দার্শনিক, তাঁর দার্শনিক আলোচনায় ঈশ্বরের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বার্কলের মূল সিদ্ধান্ত হল 'বস্তুর অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর' কিন্তু তিনি প্রাকৃতিক নিয়মে বিশ্বাসী ছিলেন এবং এই বিশ্বাসের ভিত্তি হল 'ঈশ্বর'। তাঁর মতে, প্রকৃতির অধিকর্তা ঈশ্বর ধারণাগুলিকে আমাদের মনে প্রেরণ করেন ও তাদের মধ্যে একটি পারম্পর্য নির্দেশ করেছেন তাই তাঁর মতে, সমস্ত জগৎটাই ঈশ্বরের ধারণারূপে রয়েছে। বার্কলের মূল উদ্দেশ্য ছিল ধর্মীয় উপলব্ধির সাহায্যে জগতের ব্যাখ্যা করা এবং সেই কারণেই ঈশ্বরের ধারণা তাঁর দর্শনে অপরিহার্য হয়ে পড়েছে।

#### ৫) ভাববাদ কাকে বলেং বার্কলে কি আত্মগত ভাববাদ বা বস্তুগত ভাববাদী ছিলেনং

উত্তর: যে মতবাদ অনুযায়ী, একমাত্র চৈতন্যময় আত্মারই সত্তা আছে তাহল আধ্যাত্মবাদ বা ভাববাদ।

সমালোচকরা প্রশ্ন তুলেছেন বার্কলের ভাববাদ ব্যক্তিতান্ত্রি বা বস্তু তান্ত্রিক ? বার্কলে তাঁর দার্শনিক আলোচনায় প্রথমদিকে ভাববাদের সমর্থনে যে যুক্তি দিয়েছেন তা বিচার করলে মনে হয় তিনি ব্যক্তিতান্ত্রিক ভাববাদ প্রচার করেছিলেন। কিন্তু জড় জগতের অস্তিত্ব চৈতন্য নির্ভর হলেও সসীম ব্যক্তির জগতের উপর নির্ভরশীল নয়, তাই তাঁর এই বক্তব্য থেকে আমাদের এটাই সিদ্ধান্ত করতে হয় যে, তাঁর আধ্যাত্মবাদ বস্তুতান্ত্রিক আধ্যাত্মবাদ কিন্তু দার্শনিক হেগেল বলেন, বিশ্ব চৈতন্য যে বিশ্বের মাধ্যমে আপন পরিপূর্ণতা লাভ করে এমন কথা বার্কলের দর্শনে নেই, তাই তাঁর ভাববাদ ব্যক্তিতান্ত্রিক আত্মগত ভাববাদ।

### ৬) বার্কলের কয়েকটি বিখ্যাত পুস্তকের নাম বল?

উত্তর: 1. An Essay towards a New Theory of Vision, (1709)

- 2. A Treatise concerning the Principles of Human Knowledge, Part-1, (1710)
- 3. Three Dialogues between Hylas and Philonous, (1713)
- 4. Alciphron or the Minute Philosopher, (1732)
- 5. The Analyst or a Discourse addressed to an infidel Mathematician, (1734)

## 7) বার্কলে কর্তৃক বিমুর্ত সাধারণ ধারণা বা সামান্য ধারণা প্রত্যাখ্যান করার কারণ কিং

উত্তর: অভিজ্ঞতাবাদী দার্শনিক জন লক সহজাত ধারণা বা অন্তর ধারণা কি অম্বীকার করলেও বিমুর্ত সাধারণ বা সামান্য ধারণাকে বলেছেন। দার্শনিক বার্কলে তাঁর অভিজ্ঞতাবাদকে যুক্তিনিষ্ঠ করার উদ্দেশ্যে বিমুর্ত সামান্য ধারণাকেও প্রত্যাখ্যান করেন। বার্কলের মতে বিশেষেরই কেবল অস্তিত্ব আছে এবং অভিজ্ঞতার মাধ্যমে তাদের মনশ্চিত্র(image) আমরা গঠন করতে পারি। ;সামান্য বলে, 'সামান্য ধর্ম' বলে যখন কিছু নেই তখন তার ধারণা আছে অথবা নেই এইসব প্রশ্ন অবান্তর। সামান্য একটা নাম মাত্র তার অতিরিক্ত অন্য কিছু নয়। ধারণা মাত্রেই বার্কলের মতে বিশেষের ধারণা, মূর্ত ধারনা অর্থাৎ প্রতিরূপ।

# ৮) 'Esse Est Percipi' কথাটির অর্থ কি?

উত্তর: দার্শনিক বার্কলে তাঁর দর্শনে 'Esse' অর্থে 'অস্তিতৃশীলতা' এবং 'Percipi' অর্থে 'প্রত্যক্ষনীয়তা'। তাহলে 'Esse Est Percipi' কথাটির অর্থ হলো **'প্রত্যক্ষ গোচর হওয়া'** বা **'অস্তিতৃ প্রত্যক্ষ-নির্ভর'** বা অস্তিতৃশীলতা ও প্রত্যক্ষনীয়তা অভিন্ন।

### ৯)বার্কলের মতে বিমুর্ত ধারণা কি?

উত্তর: সাধারণভাবে উপস্থিত ধর্মই হল সাধারণ বা সামান্য এবং সেই সাধারণভাবে উপস্থিত বিষয়টির ধারণা হল বিমূর্ত সাধারণ ধারণা বা সামান্য ধারণা । সাধারণ ধর্মের বা সামান্যের যে ধারণা তার কোন অবয়ব বা চেহারা নেই, তা এক বিমূর্ত ধারণা।

## ১০) অহংসর্বস্ববাদ কথাটির অর্থ কি ?

উত্তর:এই মতবাদ অনুসারে জ্ঞাতা বা দ্রষ্টারূপে আমি (অহং) আছি এবং আমার ধারণা আছে, এছাড়া আর কিছু নেই। আমি আছি আর আমার ধারণাপুঞ্জ আছে। এমন বলার মধ্যে কোন দোষ নেই; কিন্ত এছাড়া আর কিছুই নেই- এমন বললে অহংসর্বস্ববাদের দোষ ঘটে। নব্য বস্তবাদিরা এপ্রকার দোষকে আত্ম-কেন্দ্রিকতার দোষ'ও (fallacy of ego-centricpredicament) বলেছেন।

> Bimal Banerjee Asst. Professor Department of Philosophy Raniganj Girls College